দৈনিক ইত্তেফাক

তারিখ 19 JUN 1987
পৃষ্ঠা ... 1 ... কলাম 6 ...

029

# এইচএসসি পরীক্ষা কেন্দ্রে অপ্রীতিকর ঘটনা ॥ ফাঁকা গুলী

আমাদের টাঙ্গাইল সংবাদদাতার ফোন ঃ গতকাল(বুধবার) ঘাটাইল কলেজ এইচ এস সি পরীক্ষা কেন্দ্রে পুলিশের সহিত বহিরাগতদের সংঘর্ষে ঘাটাইল

(শেষ পৃঃ ৬-এর কঃ দ্রঃ)

## এইচএসসি পরীক্ষা

(১ম পৃঃ পর)

উপজেলা চেয়ারম্যান মোস্তফা কামাল চৌধুরী ও ৪ জন পুলিশসহ ১২ জন আহত হন। পরিস্থিতি আয়ত্তে আনিতে পুলিশ ৩ রাউণ্ড ফাঁকা গুলী ছোঁড়ে। পরীক্ষা শুরু হওয়ার সময় পুলিশ বহিরাগতদের কলেজ প্রাঙ্গণ হইতে সরাইয়া নিবার কালে লাঠিচার্জ করিলে সংঘর্ষের সূত্রপাত হয়। বিক্ষুব্ধ জনতা উপজেলা নির্বাহী অফিসারের অফিসে হামলা চালায় এবং অফিসের আসবাবপত্র ভাংচুর করে। ইউ এন ও'র বাসভবনে এবং ম্যাজিষ্ট্রেট আদালতেও ইট-পাটকেল ছোঁড়ে।

নারায়ণগঞ্জের সংবাদদাতার ফোন ঃ গতকাল সকাল সাড়ে ১০টার দিকে বহিরাগত ৮/১০ জন যুবক পুলিশের বাধা উপেক্ষা করিয়া তোলারাম কলেজ কেন্দ্রে প্রবেশ করে এবং একজন অধ্যাপককে কেন্দ্র হইতে বাহির করিয়া দেয়। পরে পুলিশ গিয়া যুবকদের বাহির করিয়া আনে। এই সময় উক্ত কেন্দ্রের ১ জনকে বহিষ্কার ও ১৫ জনের খাতা লইয়া যাওয়া হয়। এদিকে গত মঙ্গলবার বেলা ১১টার দিকে শহরের ২টি দোকান হইতে ঐদিনের প্রশ্নপত্রের ফটোষ্ট্যাট কপি বিক্রির সময় ডিসির নির্দেশে দোকান ২টি সীল করিয়া দেওয়া হয়। গতকালের প্রশ্নপত্রের ফটো-কপিও বিক্রি হইতে দেখা যায়।

মুন্সীগঞ্জের সংবাদদাতার ফোন ঃ গতকাল পরীক্ষা কেন্দ্রসমূহে ১৪৪ ধারা ভঙ্গ করার অভিযোগে ভ্রাম্যমাণ আদালত ৭ জন বহিরাগতের নিকট হইতে মোট ৪ শত টাকা জরিমানা আদায় করে। ভ্রাম্যমাণ পরীক্ষা পরিদর্শক দলের জীপ ভাংচুর করার মামলায় জড়িত ৩ জন পরীক্ষার্থীকে গ্রেফতার করা হইয়াছে।

বগুড়ার প্রতিনিধির ফোন ঃ গতকাল সরকারী শাহ সুলতান কলেজ পরীক্ষা কেন্দ্রে নকল সরবরাহের দায়ে পুলিশ ৫ জন বহিরাগতকে আটক করে। এই কেন্দ্রে গত মঙ্গলবারের বহিষ্কারের প্রতিবাদে ছাত্ররা পরীক্ষা কে[illegible]টি কক্ষে তালা লাগাইয়া রাখে। তাহারা আসবাবপত্র ভাংচুর করে। ফলে মঙ্গলবার নির্ধারিত সময়ের ২৫ মিনিট বিলম্বে পরীক্ষা শুরু হয়।

আমাদের নবাবগঞ্জ (ঢাকা) সংবাদদাতার ফোন ঃ গতকাল (বুধবার)সেখানে জনৈক পরীক্ষার্থীর নকল ধরা হইলে পরীক্ষার পর উক্ত ছাত্র এবং তাহার সহযোগীরা অধ্যাপক মোশাররফকে আক্রমণ করে। তাঁহাকে মুমূর্ষু অবস্থায় উপজেলা হাসপাতালে ভর্তি করা হইয়াছে। এব্যাপারে কয়েকজন ছাত্রের বিরুদ্ধে মামলা এবং ১ জন গ্রেফতার হইয়াছে।

বাসস জানায়, দিনাজপুরের কে, বি, এম, কলেজে গত মঙ্গলবার অসদুপায় অবলম্বনে বাধা দিলে উচ্ছৃংখল কিছু লোক দুই জন অফিসারসহ ৫ জন পুলিশকে জখম করে। ইহার আগে রংপুরের ডি সি কলেজের পাশ দিয়া যাইবার সময় জনতা তাঁহার গাড়ীর ক্ষতি করে। ডিসি আঘাত পান। ৮ জন পরীক্ষার্থীসহ ২৪ জনকে গ্রেফতার করা হইয়াছে।

কুড়িগ্রাম সংবাদদাতার তারবার্তা ঃ গত মঙ্গলবার কুড়িগ্রাম কলেজ কেন্দ্র হইতে দুইজন পরীক্ষার্থীকে পুলিশ গ্রেফতার করিয়াছে। পরীক্ষায় নকল করিতে না দেওয়ায় তাহারা পরিদর্শকদের হুমকি দেয় এবং পরীক্ষা শেষে এক পরীক্ষার্থী ছোরা লইয়া একজন পরিদর্শককে আক্রমণ করে।

উল্লেখিত ঘটনা ছাড়াও উপরোক্ত কেন্দ্রগুলি হইতে বহু পরীক্ষার্থীকে অসদুপায় অবলম্বনের জন্য বহিষ্কার করা হইয়াছে।

আমাদের রিপোর্টার জানান, গতকাল (বুধবার) উচ্চ মাধ্যমিক পরীক্ষার ইংরেজী দ্বিতীয় পত্রের দিনে ঢাকা বোর্ডের বিভিন্ন কেন্দ্র হইতে অসদুপায় অবলম্বনের অভিযোগে মোট ২৩৭ জন পরীক্ষার্থীকে বহিষ্কার করার খবর জানা যায়।